তিনি বলেন, 'এই বায়োব্যাঙ্ক ভবিষ্যতে ক্যান্সারের চিকিৎসায় অনেক সাহায্য করবে। টিউমার বা ক্যান্সার আক্রান্ত কোষ এই ব্যাঙ্কে রেখে গবেষণা করা যাবে। জার্মানি, মার্কিন যুক্তরাষ্ট্র, জাপানে যে পদ্ধতিতে গবেষণা হয়, এই বায়োব্যাঙ্কে সেই পদ্ধতিতে গবেষণা করা সম্ভব।' ডাঃ ধ্রুবজ্যোতি চট্টোপাধ্যায় বলেন, 'এই ব্যাঙ্ক নিয়ে ইতিমধ্যেই আলোচনা করা হয়েছে শহরের সরকারি এবং বেসরকারি হাসপাতালগুলির সঙ্গে। এসএসকেএম এবং আর জি কর মেডিক্যাল কলেজে বায়োব্যাঙ্ক থাকলেও অত্যাধুনিক এই নতুন বায়োব্যাঙ্কে গবেষণা করা হবে মেটাবলোমিক্স, প্রোটিওমিক্স, জেনোমিক্স, ট্রান্সকিপ্টোমিক্স পদ্ধতিতে।' এক বেসরকারি হাসপাতালের মেডিক্যাল ডিরেক্টর কৃষ্ণাংশু রায় জানান, 'লিভার ক্যান্সার, ব্রেস্ট ক্যান্সারের চিকিৎসার ক্ষেত্রে নয়া দিক খুলে যাবে। আমরা অন্যান্য দেশেও টিস্যু পাঠাব যদি তাঁদের গবেষণার কাজে লাগে। রাজ্যের যে সমস্ত হাসপাতালে ক্যান্সারের চিকিৎসা হয় তাদের কাছ থেকে আমরা অপারেশনের সময় বাদ যাওয়া অংশ নিয়ে ব্যাঙ্ক তৈরি করব আইথ্রিটি–তে, তবে অবশ্যই রোগীর পরিবারের লিখিত সম্মতি নিয়ে।'

আনন্দবাজার পত্রিকা

Date: 14/09/2023

ক্যান্সারের চিকিৎসা জেলায়, তবু মরফিন নিতে কেন ভরসা শহরে?- আনন্দবাজার পত্রিকা, 14th Sep. 2023

ক্যানসারের চিকিৎসা জেলায়, তবু মরফিন নিতে কেন ভরসা শহর?

শান্তনু ঘোষ

ক্যানসারের ক্রমবর্ধমান গবেষণার ফলে বহু ক্ষেত্রে রোগীদের আয়ু দীর্ঘ হচ্ছে। তবে এখনও তাঁদের একটি বড় অংশকে ক্যানসারের অন্তিম পর্যায়ে যন্ত্রণার মুখোমুখি হতে হয়। তখন রোগ নিরাময়ের সুযোগ থাকে না, রোগীকে প্যালিয়েটিভ কেয়ার বা উপশমের চিকিৎসা দেওয়া হয়। এই পর্বে যন্ত্রণা কমাতে মরফিনের ব্যবহার জরুরি। চিকিৎসকেরা জানাচ্ছেন, এর পাশাপাশি যন্ত্রণা বুঝে ক্যানসারের দ্বিতীয় বা তৃতীয় পর্যায়ের রোগীকেও মরফিন দেওয়া হয়। অথচ, বছরের পর বছর বাজারে অমিল জরুরি এই ওষুধটি। বর্তমানে সেই সমস্যা বাড়ায় রোগী-ভোগান্তিও বাড়ছে বলে পর্যবেক্ষণ চিকিৎসকদের। মরফিন অপ্রতুলতার একটি কারণ আইনি জটিলতা। অন্যটি, মুনাফা কম বলে এই ওষুধ তৈরি ও সরবরাহে অনীহা।

সরকারি পরিষেবা বিস্তৃত হয়ে এখন জেলার হাসপাতালেও চালু হয়েছে ক্যানসারের চিকিৎসা। অথচ, সেখানে চিকিৎসাধীন রোগীকে মরফিন জোগাড় করতে আসতে হচ্ছে কলকাতার কোনও মেডিক্যাল কলেজ হাসপাতালে। কারণ, জেলার ভাঁড়ার মরফিন-শূন্য! এ দিকে, শহরেও অপর্যাপ্ত এই ওষুধ।

মাদক প্রভাব এবং কিছু পার্শ্ব প্রতিক্রিয়া থাকলেও ক্যানসারের যন্ত্রণা নিরাময়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থা মরফিনেই জোর দিয়েছে। তার পরেও কেন রাজ্য এই ওষুধ মজুতের নিয়ম শিথিল করছে না, প্রশ্ন চিকিৎসকদের। তাঁদের কথায়, "জেলার হাসপাতালে ক্যানসারের চিকিৎসা হচ্ছে। টিউমার বোর্ড বসছে। অথচ মরফিন নেই!" রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা সিদ্ধার্থ নিয়োগীর বক্তব্য, "মাদক আইনে বিষয়টি আটকাচ্ছে। কী ভাবে জেলার হাসপাতালে মরফিন সরবরাহ করা যায়, সেই চিন্তাভাবনা চলছে।"

নেশার কাজে মরফিনের ব্যবহার রয়েছে বলে এতে সরকারি নিয়ন্ত্রণও রয়েছে। প্রশ্ন এখানেই, মরফিনের মতো জরুরি জিনিস রোগীদের থেকে দূরে রাখা কি যুক্তিসঙ্গত? যদিও চিকিৎসকদের মতে, "মরফিনকে মাদক হিসেবে ব্যবহারে সরকারি নিয়ন্ত্রণ থাকলেও রোগীর জন্য এর জোগানে অসুবিধা হওয়ার কথা নয়।" ক্যানসার শল্য চিকিৎসক গৌতম মুখোপাধ্যায়ের কথায়, "ক্যানসারের অন্তিম পর্যায়ের রোগীর যন্ত্রণা থেকে মুক্তি ও সম্মানের জীবন কাটানোর অধিকার রয়েছে। ফলে মরফিনের ব্যবহারে গুরুত্ব দিতে হবে।"

কোথায় মেলে এই মরফিন? রাজ্যের কয়েকটি মাত্র মেডিক্যাল কলেজ স্তরের হাসপাতালকে 'রেজিস্টার্ড মেডিক্যাল ইনস্টিটিউশন'-এর তকমা দেওয়ায় সেখানে মরফিন রাখতে পৃথক লাইসেন্স লাগে না। এসএসকেএমের রেডিয়োথেরাপির বিভাগীয় প্রধান, চিকিৎসক অলোক ঘোষদস্তিদার বলেন, "জেলার রোগীদের প্রথম বার ওষুধ নিতে আসতে হয়। পিজির প্রেসক্রিপশনে মরফিন লিখে দিলে ১৫ দিনের ওষুধ দেওয়া হয়। তার পর থেকে প্রয়োজনীয় কাগজ নিয়ে পরিজনেরা এলেই চলবে।" প্রেসক্রিপশনের ফোটোকপি ওই সব রোগীর কাছেও রাখতে হয় বলে জানাচ্ছেন কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালের রেডিয়োথেরাপির বিভাগীয় প্রধান, চিকিৎসক অসিতরঞ্জন দেব।

স্বাস্থ্যকর্তারা জানাচ্ছেন, রাজ্য স্বাস্থ্য দফতর মরফিন সরবরাহে কয়েক বার দরপত্র ডাকলেও কোনও প্রস্তুতকারী সংস্থা অংশ নেয়নি। ফলে বোঝা যাচ্ছে যে, রাজ্যে মরফিন প্রস্তুতকারী সংস্থা নেই। বরং পরে উত্তর ভারতের দু'টি সংস্থা দরপত্র প্রক্রিয়ায় অংশ নিয়ে বরাত পায়। পাশাপাশি, হিমাচল প্রদেশ, হরিয়ানা, উত্তরাখণ্ডে ওই ওষুধ তৈরি হয়। এক স্বাস্থ্যকর্তার কথায়, "এই ওষুধ পাঠানোর খরচের তুলনায় দাম অতি নগণ্য। ফলে বরাত পাওয়া সংস্থাগুলিরও ওষুধ সরবরাহে অনীহা রয়েছে।"

অন্য দিকে, গুটিকতক ওষুধের দোকানের মরফিন বিক্রির লাইসেন্স থাকলেও তারা 'ঝক্কি' সামলে ওই ওষুধ রাখতে চাইছে না। ক্যানসারের ওষুধ সরবরাহকারী একটি সংস্থার তরফে কাজল গোমস বলেন, "প্রেসক্রিপশন ছাড়া ওষুধ না দেওয়া, নির্দিষ্ট রেজিস্টারে সব তথ্য নথিভুক্ত করা, নির্দিষ্ট সময় অন্তর আবগারি দফতরকে হিসাব দিতে হয়। অথচ ওই ওষুধ বিক্রিতে লাভ সামান্য। তাই ঝামেলা নিতে অনীহা।"

ড্রাগ কন্ট্রোলের কর্তারা জানাচ্ছেন, 'ড্রাগস অ্যান্ড কসমেটিক্স অ্যাক্ট ১৯৪০ এবং রুল ১৯৪৫' অনুযায়ী, মরফিন রাখতে বেসরকারি হাসপাতাল বা দোকানের শিডিউল-এক্স লাইসেন্স প্রয়োজন। ওই লাইসেন্স পেতে পাইকারি বা খুচরো ড্রাগ লাইসেন্সের যে কোনও একটি থাকতেই হবে।

চিকিৎসকেরা জানাচ্ছেন, মরফিনের মতোই বাজারে অমিল স্তন ক্যানসারের ট্যামক্সিফেন, ফুসফুসের ক্যানসারের ইটোপোসাইড, ব্রেন টিউমারের টেমোজোলামাইড ও অ্যান্টিবায়োটিক হিসেবে ব্যবহৃত এন্ডোক্সান।

ক্যানসার চিকিৎসক সুবীর গঙ্গোপাধ্যায়ের মতে, "খুব জরুরি অথচ সস্তার এই ওষুধগুলির দাম আরও কমেছে। ফলে প্রস্তুতকারী সংস্থারা সেগুলি বানাতে চাইছে না। মুনাফা দেখতে গিয়ে চরম ক্ষতি হচ্ছে রোগীদের।" স্তন ক্যানসারের শল্য চিকিৎসক দীপ্তেন্দ্র সরকার জানাচ্ছেন, ঋতুস্রাবের আগে যাঁদের স্তন ক্যানসার ধরা পড়ে, তাদের কাছে ট্যামক্সিফেন জীবনদায়ী। তাঁর কথায়, "৫-৭ বছর এই ওষুধ খেতে হয়। মাঝপথে যদি সেটি থমকে যায়, তা হলে রোগটি ফেরার ঝুঁকি থেকেই যাবে।"

আনন্দবাজার পত্রিকা

Date: 16/09/2023

পকিনসন্স, ক্যান্সারের গবেষণায় ‘বিজ্ঞানের অস্কার ’- আনন্দবাজার পত্রিকা, 16th Sep. 2023

পার্কিনসন্স, ক্যানসারের গবেষণায় ‘বিজ্ঞানের অস্কার’

জয়তী রাহা

পার্কিনসন্স ফাউন্ডেশনের সাম্প্রতিক সমীক্ষায় উঠে এসেছে বিশ্বে এক কোটির বেশি মানুষ এই রোগে আক্রান্ত। অথচ ১৮১৭ সালে চিকিৎসক জেমস পার্কিনসন্স চিহ্নিত এই রোগ সম্পর্কে দু’দশক আগেও মানুষের ধারণা তেমন ছিল না। বর্তমানে শুধু প্রবীণ নয়, কমবয়সি পার্কিনসন্স আক্রান্তের সংখ্যাও চিন্তার কারণ। ক্যানসারের মতোই বেড়ে চলেছে এই রোগে আক্রান্তের সংখ্যা। যদিও এর গবেষণা চলেছে নিরন্তর। যার স্বীকৃতি মিলল আন্তর্জাতিক স্তরে। স্বীকৃতি পেয়েছে ক্যানসার থেরাপির গবেষণাও।

২০২৪ সালের ব্রেকথ্রু প্রাইজ় ফাউন্ডেশন মূলত পার্কিনসন্স ডিজ়িজ়, কার টি সেল (সিএআর টি, এটি মলিকিউলার জেনেটিক কোডিং) ক্যানসার থেরাপি এবং সিস্টিক ফাইব্রোসিসের গবেষণাকে সম্মান জানাতে আট জন বিজ্ঞানীর নাম ঘোষণা করেছে। বিজ্ঞান ক্ষেত্রে অস্কার মানা হয় এই পুরস্কারকে। আগামী বছরের ১৩ এপ্রিল আমেরিকার লস অ্যাঞ্জেলেসে দেওয়া হবে পুরস্কার।

পার্কিনসন্স রোগের ঝুঁকিবাহক জিনকে তাঁদের গবেষণায় চিহ্নিত করে পুরস্কৃত হলেন ইউনিভার্সিটি অব টুবিংএনের স্নায়ুবিজ্ঞানী টমাস গ্যাসার, ন্যাশনাল ইনস্টিটিউট অন এজিংয়ের নিউরোজেনেটিসিস্ট অ্যান্ড্রু সিঙ্গলটন এবং ন্যাশনাল হিউম্যান জিনোম রিসার্চ ইনস্টিটিউটের জেনেটিসিস্ট অ্যালেন সিনড্রেনস্কি। পুরস্কার পাচ্ছেন ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়ার ইমিউনোলজিস্ট কার্ল জুন, মেমোরিয়াল স্লোয়ান ক্যাটারিং ক্যানসার সেন্টারের ইমিউনোলজিস্ট মিশেল স্যাডেলেন। কার্ল এবং মিশেল পুরস্কার পেলেন কার টি সেল ইমিউনোথেরাপির আরও উন্নয়নের গবেষণায়। সিস্টিক ফাইব্রোসিসের চিকিৎসায় সংমিশ্রিত ওষুধ আবিষ্কার করে পুরস্কৃত হলেন ভার্টেক্স ফার্মাসিউটিক্যালসের গবেষক সাবিন হাদিদা, পল নেগুলেস্কু এবং ফ্রেডরিক ভন গুর।

পার্কিনসন্স রোগের ঝুঁকিবাহক জিনকে চিহ্নিত করার গবেষণা শুরু হয়েছিল অন্য ভাবে। শিশুরোগ চিকিৎসক অ্যালেন সিনড্রেনস্কি তখন জিনগত বিরল রোগ গোশের নিয়ে গবেষণায় বুঁদ। একটি মাত্র জিন, জিবিএ ওয়ানের গোলমাল কী ভাবে যকৃৎ, প্লীহা এবং অস্থির মতো গুরুত্বপূর্ণ অঙ্গে থাবা বসাতে পারে, সেটাই আকর্ষণ করেছিল সিনড্রেনস্কিকে। এমন পরিস্থিতিতে সিনড্রেনস্কির কাছে ফোন আসে সহকর্মীর। যিনি এমন এক রোগীর মস্তিষ্ক থেকে টিসু সংগ্রহ করেছিলেন, যাঁর গসার এবং পার্কিনসন্স দু’টিই আছে। মোট তিনটি নমুনা তিনি পাঠান সিনড্রেনস্কিকে। গাড়ির ঝাঁকুনিতে নমুনার লেবেল পড়ে যায়। ফলে কোনটা কোন নমুনা নিশ্চিত হতে সিনড্রেনস্কি এনজাইমের কাজ মাপার সিদ্ধান্ত নেন।

পরে ডিএনএ পরীক্ষায় দেখা যায়, একটি নমুনায় মিউটেড জিবিএ ওয়ান জিনের দু’টি অনুলিপি ছিল। কিন্তু বাকি দু’টি নমুনায় মিউটেড জিবিএ ওয়ান জিনের একটাই অনুলিপি। যা দেখে ৫০ জনেরও বেশি পার্কিনসন্স রোগীর পোস্টমর্টেমে মস্তিষ্কের নমুনা থেকে ডিএনএ বিশ্লেষণ করে দেখেন, ১২ জন জিবিএ ওয়ান মিউটেশন বহন করছেন। ওই সময়েই, অর্থাৎ, ২০০২ সালে টমাস গ্যাসার এবং অ্যান্ড্রু সিঙ্গলটন খুঁজছিলেন পার্কিনসন্স রোগের জিনগত সূত্র। যা মিলিত ভাবে গবেষণার দরজা খুলে দেয়।

সিনড্রেনস্কি বলছিলেন, “কেন বিরল রোগ নিয়ে গবেষণা করা হয়, তার এটি উদাহরণ। গবেষণার ফল বিরল রোগের জন্য যেমন গুরুত্বপূর্ণ, তেমনই সাধারণ জটিল রোগের ক্ষেত্রেও দৃষ্টান্তমূলক ফলাফল আনতে পারে।”

দীর্ঘ বছর ধরে গবেষণাগারে টি কোষের ভূমিকায় শান দিয়ে তাকে আরও উন্নত করায় ব্যস্ত থেকেছেন জুন এবং স্যাডেলেন। টি কোষ হল রোগপ্রতিরোধ ব্যবস্থার এক দক্ষ সৈনিক। টি সেল রিসেপ্টর (টিসিআর) ক্যানসারের কোষে অ্যান্টিজেন খুঁজে বার করে তাকে আটকে রাখে। সাম্প্রতিক কালে সেল থেরাপির এই চিকিৎসা নিয়ে চর্চা চলছে। যদিও গত শতাব্দীর নব্বইয়ের দশকে যখন স্যাডেলেন ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজিতে পোস্ট-ডক্টরাল ফেলো হিসেবে যোগ দেন, তখন সেল ইঞ্জিনিয়ারিং নতুন ক্ষেত্র। ক্যানসারের গবেষণায় টি কোষ নজর কেড়েছে বহু পরে। দীর্ঘ গবেষণার ফল দেখে ২০১৭ সালে প্রথম বার এফডিএ অনুমোদন দেয় কিছু ক্ষেত্রে শিশু এবং কমবয়সি লিম্ফোব্লাস্টিক লিউকোমিয়ায় আক্রান্তদের সিএআর টি সেল থেরাপি করার।

অন্য দিকে, সিস্টিক ফাইব্রোসিসের জন্য দায়ী জিনকে ১৯৮৯ সালেই চিহ্নিত করা হয়ে গিয়েছিল। পরবর্তী দশকে বিজ্ঞানীরা মূলত প্রোটিন চিহ্নিত করেন এবং কী ভাবে ওই জিনের মিউটেশনে প্রোটিনের গঠনে ত্রুটি হচ্ছে, সেটাই তুলে ধরেন। কোষে ত্রুটিপূর্ণ প্রোটিন যথাযথ কাজ না করায় লবণ ও জলের ভারসাম্য নষ্ট হয়। ফলস্বরূপ আঠালো শ্লেষ্মা তৈরি হয়, যা প্যাথোজেনিক ব্যাক্টেরিয়া এবং ভাইরাসের আশ্রয়স্থল হয়। সিস্টিক ফাইব্রোসিস এমন রোগ, যা শরীরের যে কোনও অঙ্গে হতে পারে। তাই গবেষণা দল সিদ্ধান্ত নিয়েছিল, মুখে নেওয়ার মতো কোনও ওষুধ আনতে হবে, যা সব অঙ্গকে প্রভাবিত করতে পারবে। সেই ত্রুটি সমাধানের পথ খুঁজতে বিজ্ঞানীদের পেরোতে হয়েছে ২০ বছর।

আজকাল

Date: 24/09/2023

রক্তের ক্যান্সার নিয়েও হার না মানার জেদ – আজকাল, 24th Sep. 2023



রক্তের ক্যান্সারে আক্রান্তদের নৃত্যানুষ্ঠান। মৌলালি যুবকেন্দ্রে।

রক্তের ক্যান্সার নিয়েও হার না মানার জেদ

আজকালের প্রতিবেদন

রক্তের ক্যান্সারে আক্রান্ত হয়েও হার মানেনি মন। অদম্য জেদে লড়াই করে এগিয়ে চলেছে কচিকাঁচা থেকে কিশোর–কিশোরীরা। নাচে, গানে, কবিতায় শুক্রবার মৌলালি যুবকেন্দ্রের ভরা মঞ্চে একরাশ হাততালি কুড়িয়ে নিল রক্তজনিত রোগ ও রক্তের ক্যান্সার আক্রান্তরা। ওরা সকলেই কোনও না কোনও রক্তের রোগ কিংবা রক্তের ক্যান্সারে আক্রান্ত। এদিন কলকাতা হেমাটোলজি এডুকেশন অ্যান্ড রিসার্চ ইনিসিয়েটিভ (খেরি) উদ্যোগে পালিত হয় ক্রনিক মায়লয়েড লিউকোমিয়া (সিএমএল) দিবস। এটি এমন একটি দূরারোগ্য রক্তের ক্যান্সার, যা নিয়ে সচেনতার অভাব রয়েছে। খেরির উদ্যোগে সিএমএল সাপোর্ট গ্রুপ তৈরি করা হয়। এদিনের অনুষ্ঠানে ৫০ জনের মতো সিএমএল–এ আক্রান্ত রোগী ও তাদের পরিজনরা শামিল হন। একটি সচেতনতামূলক আলোচনা সভারও আয়োজন করা হয়। এদিন অংশ নেন কলকাতা মেডিক্যাল কলেজের হেমাটোলজির প্রাক্তন বিভাগীয় প্রধান ডা. উৎপল চৌধুরি, প্রাক্তন স্বাস্থ্য (শিক্ষা) অধিকর্তা ডা. প্রদীপ মিত্র, এনআরএস মেডিক্যাল কলেজের হেমাটোলজি বিভাগের অধ্যাপক ডা. রাজীব দে–সহ অন্যরা। এদিন রোগীরা তাদের নিজেদের অভিজ্ঞতা ও লড়াইয়ের কাহিনি শোনায়।

Date: 24/09/2023

টিকাকরন বা ক্যান্সার কমানোর সহজ রাস্তা- এইসময় , 24th Sep. 2023

টিকাকরণ বা ক্যান্সার কমানোর সহজ রাস্তা

সার্ভিকাল ক্যান্সারের উৎস এইচপিভি'কে রুখে দেওয়া যায় একটি টিকা বা ভ্যাক্সিন দিয়ে। লিখছেন **অনির্বাণ মিত্র**

মাস তিন আগের কথা। এক বন্ধু জানতে চাইল, 'মেয়ের তো ১২ বছর বয়স হল। ভ্যাকসিন দেওয়াব?' না, করোনা-ভ্যাকসিন নয়, সন্তানের স্বাস্থ্যের জন্যে জিজ্ঞাস্য ছিল হিউমান প্যাপিলোমাভাইরাস (এইচপিভি) ভ্যাকসিন সম্বন্ধে। যে টিকা সারভিকাল ক্যান্সারের মারণক্ষমতাকে ৮০-৯০% ক্ষেত্রে নির্বিষ করতে পারে বলে আজ ভারত সহ ১২৫টি দেশে বয়ঃসন্ধির কিশোরীদের জন্যে স্বীকৃত। যে প্রাণদায়ী ভ্যাকসিন আবিষ্কারের পথপ্রদর্শক ছিলেন সদ্যপ্রয়াত নোবেল-বিজয়ী হারাল্ড জুর হাউসেন।

গ্লোবোক্যান-এর হিসেব অনুযায়ী ২০২০-তে বিশ্বে সারভিকাল ক্যান্সারে আক্রান্ত হয় ৬০ লক্ষ ৪ হাজার জন মহিলা এবং মারা গেছেন ৩ লক্ষ ৪০ হাজার। ভারতবাসীর ক্ষেত্রে পরিসংখ্যান ভয়াবহ। ২০২০-তে ১ লক্ষ ২৩ হাজার ৯০৭ জন মহিলা সারভিকাল ক্যান্সারে আক্রান্ত হন, মোট ক্যান্সার রুগির ৯.৪%! এ ছাড়াও ৭৮% যোনির ক্যান্সার, ১৫-৪৮% ভাল্ভা ক্যান্সার এবং অন্তত ৮০% মলদ্বারের ক্যান্সারের প্রধান ভিলেন এই এইচপিভি!

ক্যান্সারের সঙ্গে জীবাণু সংক্রমণ ব্যাপারটা একটু খটমট শোনালেও ২০১৮-র হিসেব অনুযায়ী বিশ্বে মোট ক্যান্সারের ১৫-১৮% জীবাণু-ঘটিত! ত্বক এবং সারভিক্স এইচপিভি-র মূল টার্গেট। শুধু সারভিক্স নয়। আন্তর্জাতিক হিসেব অনুযায়ী ছেলেদের ক্ষেত্রে ৫০% পুরুষাঙ্গ ক্যান্সার, ৮০% মলদ্বারের ক্যান্সার, ৫০-৭০% হেড-অ্যান্ড-নেক এবং মুখগহ্বরের ক্যান্সার, ৫-২০% মুখের ক্যান্সার, এবং অন্তত ৩০% গলার ক্যান্সারের মূলে রয়েছে এইচপিভি সংক্রমণ।

কিন্তু, এইচপিভি সংক্রমণ থেকে ক্যান্সার হয় কী করে? অনেক দিন ধরে জানা ছিল টিউমার হয় কোষ-চক্রের নিজস্ব ব্যর্থতায়। কিন্তু, ছয়ের দশকে হাউসেন-এর গবেষণা প্রমাণ করে যে এপ্সটেন-বার ভাইরাস সংক্রমণ কোষ-চক্রকে অনিয়ন্ত্রিত করে একটি বিশেষ ব্লাড ক্যান্সারের দিকে ঠেলে দেয়। এই সূত্র ধরেই শুরু হয় তাঁর জীবনের সবচেয়ে বড় কাজ। ত্বকে এবং যৌনাঙ্গের আঁচিলে এইচপিভি-র অস্তিত্ব আগেই পাওয়া গিয়েছিল। জানাও ছিল যে সারভিক্স-এর আঁচিল মাঝেমধ্যে টিউমার হয়ে ওঠে! হাউসেন দেখালেন যে ত্বক বা যৌনাঙ্গের কোষে ঢুকে পড়ে এইচপিভি কোষ-চক্রের গতি বাড়িয়ে দেয়। ফলে বেশি কোষ তৈরি হয়, গড়ে ওঠে আঁচিল। অবশ্য, বেশির ভাগ মানুষের ক্ষেত্রে সংক্রমণ আঁচিলেই সীমাবদ্ধ থাকে। বিপদ ঘটে কালেভদ্রে, যখন ভাইরাসের ডিএনএ আক্রান্ত কোষের কোষ-চক্রকে সম্পূর্ণ 'হাইজ্যাক' করে টিউমারের ভিত্তিপ্রস্তর স্থাপন করে।

অবশ্য, যৌন-স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতনতা এবং সামাজিক পরিবর্তনের ফলে সারভিকাল ক্যান্সারের হার কিছুটা কমেছে। সমস্যা হল, বার্ষিক রোগাক্রান্তের সংখ্যা এখনও বিশাল। এই জন্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ভ্যাক্সিন রক্ষাকবচের ওপর এত জোর দিচ্ছে। ফলে, ২০০৮-০৯ থেকে ইউরোপের বহু দেশেই এইচপিভি-ভ্যাকসিন জাতীয় টিকাকরণ কর্মসূচির অন্তর্গত। এবং প্রথম বড় সাফল্য পায় স্কটল্যান্ড। টিকাকরণের ফলে স্কটিশ সমাজে কমবয়সি মেয়েদের মধ্যে ৮৮% হ্রাস পেয়েছে সার্ভিকাল প্রি-ক্যান্সার এবং সংক্রমণের মাত্রা।



টিকার জনক। সদ্যপ্রয়াত হারাল্ড জুর হাউসেন ▶

অবশ্য, এ ব্যাপারে 'প্রথম পুরস্কার' প্রাপক অস্ট্রেলিয়া। ২০০৬ থেকে ১২-২৬ বছর বয়সী মেয়েদের গণটিকাকরণ এবং ২৫-৭০ বছর বয়সীদের স্ক্রিনিংয়ের ওপর জোর দেওয়ার ফলে আজ অস্ট্রেলিয়া এমন পর্যায়ে পৌঁছে গেছে যে এইচপিভি-জাত সংক্রমণ ৯২% হ্রাস পেয়েছে! এই সাফল্যের থেকে ভালো 'বিজ্ঞাপন' আর কীই বা হতে পারে?

বস্তুত, সদিচ্ছা থাকলে ভারত থেকে সারভিকাল ক্যান্সার নামমাত্র খরচে নির্মূল করা সম্ভব। কারণ, ইন্টারন্যাশনাল এজেন্সি ফর ক্যান্সার রিসার্চ-এর বিজ্ঞানী পার্থ বসু'র নেতৃত্বে গবেষণা প্রমাণ করেছে যে টিকার তিনটি ডোজ দরকার নেই, একটি ডোজই যথেষ্ট। ক্যান্সার চিকিৎসাতে খরচ বিপুল। সরকারি হাসপাতালে একাধিক সুবিধা পাওয়া গেলেও টেস্ট, ওষুধ, যাতায়াত, থাকা-খাওয়ার খরচ বহু রুগিকে আর্থিক ভাবে বিপর্যস্ত করে, ভয়ঙ্কর শারীরিক/মানসিক যন্ত্রণার কথা না হয় বাদ দিলাম। এই প্রাণান্তকর কষ্ট লাঘব করতে গণটিকাকরণ দিয়ে ভাইরাল সংক্রমণ রুখে দেওয়া কি কাজের কাজ নয়? পার্থ বসু'র কথায়, '৯৪টি উন্নয়নশীল দেশের হিসেবনিকেশ দেখাচ্ছে গণটিকাকরণ করতে যা খরচ তার অন্তত তিন গুণ বেশি প্রয়োজন পড়ে এই ক্যান্সারের কেমো-রেডিওথেরাপি-ওষুধ-টেস্ট আনুষঙ্গিক খরচে।'

এই সব ফলাফলে আশান্বিত হয়েই ২০১৬ থেকে পাঞ্জাব আর সিকিমে শুরু হয়েছে মেয়েদের গণটিকাকরণ। শুধু সারভিকাল কেন? ভ্যাকসিন এইচপিভি-জনিত নারীপুরুষ উভয়ের যৌনাঙ্গ, মুখগহ্বর-সহ একাধিক ক্যান্সার পরাস্ত করলে সমগ্র চিকিৎসাব্যবস্থার ওপর থেকে চাপ অনেকাংশে কমে যাবে।

টিকাকরণের ফলে স্কটিশ সমাজে কমবয়সি মেয়েদের মধ্যে ৮৮% হ্রাস পেয়েছে সার্ভিকাল প্রি-ক্যান্সার এবং সংক্রমণের মাত্রা।

Date: 26/09/2023

খাদ্যনালী ক্যান্সারের কিছু তথ্য ও চিকিৎসা – প্রতিদিন, 26th Sep. 2023

খাদ্যনালী ক্যান্সারের কিছু তথ্য ও চিকিৎসা

বিশদ জানতে স্ক্যান করুন

ডাঃ শ্রীনিকেত রাঘবন
জিআই এন্ড থোরাসিক অঙ্কো-সার্জন
MS, Mch (Surgical Oncology) - Tata Memorial Hospital, Mumbai

1) খাদ্যনালী ক্যান্সার কি?

খাদ্যনালী ফাঁপা একটি টিউব যা আমাদের গলাকে পাকস্থলীর সাথে সংযুক্ত করে এবং যার মাধ্যমে আমাদের গ্রহন করা খাবার পাকস্থলীতে পৌঁছায়। খাদ্যনালীর কোষের ডিএনএ-তে কিছু পরিবর্তন ঘটলে খাদ্যনালীতে ক্যান্সার হয়। যদিও এই পরিবর্তনের সুনির্দিষ্ট কোনো কারণ নেই, তবে মদ্যপান এবং তামাক ব্যবহার (সিগারেট, গুটকা, খয়নি, পান), অপুষ্টিকর খাদ্যাভাস (পর্যাপ্ত ফল ও সবজি না খাওয়া) এবং স্থূলতা-এর কারণ হতে পারে। পুরুষদের মধ্যে এই ক্যান্সার হওয়ার প্রবণতা সবচেয়ে বেশি।

2) এই ক্যান্সারের উপসর্গ গুলো কি?

গিলতে অসুবিধা, ওজন কমে যাওয়া, বদহজম, বুকে ব্যথা বা অম্বল, কাশি এবং গলার স্বর কর্কশ ইত্যাদি সমস্যা দেখা যায়। যদি কোনো ব্যক্তি দীর্ঘদিন ধরে অ্যাসিড রিফ্লাক্সে ভোগেন, তবে ক্যান্সারের ঝুঁকি কমাতে ডাক্তারের পরামর্শ নেওয়া প্রয়োজন।

3) কিভাবে এই ক্যান্সার নির্ণয় করা হয়?

এন্ডোস্কোপির দ্বারা বিশেষজ্ঞ ব্যক্তির খাদ্যনালীর ভিতরের অংশ পরীক্ষা করে থাকেন। টেস্ট করার সময় কিছু টিস্যু সংগ্রহ করে বায়োপসির জন্য পাঠানো হয়। ক্যান্সার নির্ণয় করা হলে, এন্ডোস্কোপিক আল্ট্রাসাউন্ড (EUS), সিটি স্ক্যান, পেট স্ক্যান করা হয় ক্যান্সারের অবস্থা বা বিস্তার বোঝার জন্য।

4) এই ক্যান্সারের চিকিৎসা কি?

এই চিকিৎসা সাধারণত ক্যান্সারের ধরন, স্থান এবং পর্যায়ের উপর নির্ভর করে, এবং এতে সার্জারির সাথে কেমোথেরাপি ও রেডিয়েশন থেরাপিও থাকতে পারে। শুধুমাত্র ক্যান্সারের প্রাথমিক পর্যায়ে এন্ডোস্কোপির মাধ্যমে চিকিৎসা সম্ভব। মিনিমালি ইনভেসিভ সার্জারি (VATS, রোবোটিক) দ্বারা সার্জন আরও ভালোভাবে, অল্প অংশ কেটে অস্ত্রোপচার করেন। যার মাধ্যমে ব্যথা কম ও দ্রুত নিরাময় সম্ভব হয়।

মেডিকা অঙ্কোলজি বিভাগ- নিউক্লিয়ার মেডিসিন ইউনিট, রোবোটিক সার্জারি, উন্নত ল্যাব, সর্বাধুনিক ইমিউনোথেরাপি এবং অঙ্গ নির্দিষ্ট থেরাপি সহ সর্বাঙ্গীণ পরিষেবার মাধ্যমে চিকিৎসার ভালো ফলাফল সুনিশ্চিত করে থাকে।

The Statesman

Date: 26/09/2023

Italian Mafia boss Messina Denaro dies of cancer- The Statesman, 26th Sep. 2023

Italian Mafia boss Messina Denaro dies of cancer: Italian Mafia boss Matteo Messina Denaro, who was convicted of multiple murders and was arrested in January after spending 30 years on the run, has died of cancer, officials said on Monday. Messina Denaro, 61, was suffering from cancer of the colon at the time of his arrest. As his condition worsened in recent weeks, he was transferred to a hospital from the maximum-security jail in central Italy where he was initially held. He fell into a coma on Friday and never regained consciousness. Messina Denaro was found guilty of numerous crimes, including helping plan the 1992 murders of anti-mafia prosecutors Giovanni Falcone and Paolo Borsellino.

আজকাল

Date: 27/09/2023

নারীবান্ধব স্তন ক্যান্সার চিকিৎসা কেন্দ্র চালু হল পিয়ারলেসে- আজকাল, 27th Sep. 2023

নারীবান্ধব স্তন ক্যান্সার চিকিৎসা কেন্দ্র চালু হল পিয়ারলেসে

সাগরিকা দত্তচৌধুরি

স্তন ক্যান্সার হলে অধিকাংশ মহিলাই পুরুষ চিকিৎসকের কাছে দেখাতে, পুরুষ টেকনিশিয়ানের কাছে পরীক্ষার জন্য যেতে ইতস্তত বোধ করেন। যে কারণে অনেক সময়েই চিকিৎসায় দেরি হয়ে যায়। মহিলাদের মানসিক স্বস্তি ও স্বাচ্ছন্দ্যের কথা ভেবে পিয়ারলেস হাসপাতালে নারীশক্তিকে কাজে লাগিয়ে চালু হল বিশেষ চিকিৎসাকেন্দ্র। যেখানে চিকিৎসক, রেডিওলজিস্ট, টেকনিশিয়ান, নার্স, স্বাস্থ্যকর্মী–সহ সকল কর্মীই মহিলা। এক ছাদের নীচে স্তন ক্যান্সার শনাক্তকরণ থেকে চিকিৎসা, সবটাই হবে মহিলাদের দ্বারা চালিত।

মঙ্গলবার কলকাতায় সাংবাদিক সম্মেলনে এ কথা ঘোষণা করে হাসপাতালের ম্যানেজিং ডিরেক্টর ডাঃ সুজিত কর পুরকায়স্থ বলেন, 'নারীশক্তিকে কাজে লাগিয়ে আমরা স্টেট অফ আর্ট কমপ্রিহেনসিভ ব্রেস্ট ক্যান্সার সেন্টার চালুর চেষ্টা করেছি, যেখানে সহজেই রোগীরা তাঁদের সমস্যার কথা জানিয়ে দ্রুত ক্যান্সারের চিকিৎসা শুরু করতে পারবেন।' রেডিওলজিস্ট ডাঃ সুমা চক্রবর্তী বলেন, 'স্তন ক্যান্সারে প্রথম পর্যায়ে সাধারণত কোনও উপসর্গ দেখা যায় না বলে অনেকেই বুঝতে পারেন না। এখন ৫০ বছরের নীচে বেশি ধরা পড়ছে স্তন ক্যান্সার। বায়োপ্সি, ম্যামোগ্রাফি, ব্রেস্ট আলট্রাসাউন্ড ইত্যাদি অনেক পরীক্ষার জন্য একজন মহিলা টেকনিশিয়ান থাকলে সুবিধে হয়।' মেডিক্যাল অঙ্কোলজিস্ট ডাঃ মধুছন্দা কর বলেন, 'ক্যান্সার কখনই ছোঁয়াচে নয়। ওজনবৃদ্ধি, অনিয়মিত জীবনযাপন, মদ্যপান, ধূমপান, জাঙ্ক ফুড খাওয়ার প্রবণতা, দেরিতে সন্তান ধারণ, হরমোনের সমস্যা প্রভৃতি বাড়াচ্ছে স্তন ক্যান্সার।' এসআরআইওএস (সুনীলকান্তি রায় ইনস্টিটিউট অফ অঙ্কোলজি সার্ভিসেস)–এর অধিকর্তা ডাঃ ভি আর রামানন বলেন, 'এখন অনেক আধুনিক চিকিৎসা, থেরাপি বেরিয়েছে। যার ফলে অনেকটাই নির্মূল হয় স্তন ক্যান্সার।' ব্রেস্ট সার্জন ডাঃ প্রগতি সিঙ্ঘল বলেন, 'স্তন ক্যান্সারে এখন অধিকাংশ ক্ষেত্রেই অস্ত্রোপচার করে বাদ দেওয়ার প্রয়োজন পড়ে না। ব্রেস্ট রিকনস্ট্রাকটিভ সার্জারি করে কিংবা কৃত্রিমভাবে স্তন পুনর্গঠন করা হয়। ফলে মানসিক হীনমন্যতায় ভোগার কিছু নেই।'

আনন্দবাজার পত্রিকা

Date: 27/09/2023

নারী-দল স্তন ক্যানসারের চিকিৎসায় – আনন্দবাজার পত্রিকা, 27th Sep. 2023

নারী-দল স্তন ক্যানসারের চিকিৎসায়

নিজস্ব সংবাদদাতা

ক্রমশ বাড়ছে স্তন ক্যানসারে আক্রান্তের সংখ্যা। এই রোগ শুরুতেই ধরা পড়লে সুস্থ হওয়া নিশ্চিত। কিন্তু বহু ক্ষেত্রে মহিলাদের একাংশ এই অসুখের চিকিৎসা বা স্ক্রিনিংয়ের জন্য পুরুষ চিকিৎসকের কাছে যেতে অস্বস্তি বোধ করেন। সেই জায়গাটিকে সহজ করতে এ বার মহিলা চিকিৎসকদের নিয়ে পরিষেবা প্রদানের পদক্ষেপ করল শহরের এক হাসপাতাল।

মঙ্গলবার পিয়ারলেস হাসপাতালের ম্যানেজিং ডিরেক্টর চিকিৎসক সুজিত কর পুরকায়স্থ জানান, দীর্ঘ সময় ধরে তাঁরা ক্যানসারের চিকিৎসা করছেন। আরও উন্নত পরিষেবার লক্ষ্যে ‘সুনীলকান্তি রায় ইনস্টিটিউট অব অঙ্কোলজি সার্ভিস’-এর সূচনা হবে আগামী বছরের মধ্যে। সুজিত বলেন, ‘‘নারীশক্তি প্রকল্পে স্তন ক্যানসার চিহ্নিতকরণ ও চিকিৎসা মিলবে এক জায়গায়।’’ স্তন ক্যানসার শল্য চিকিৎসক প্রগতি সিংহল জানান, গবেষণায় দেখা গিয়েছে, বিশ্বে স্তন ক্যানসারের হার ১১.৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। যত দ্রুত রোগ চিহ্নিত হবে, তত বেশি স্তন বাঁচিয়েই রোগ নির্মূল সম্ভব। প্রগতি বলেন, ‘‘বহু মানুষ এখনও মনে করেন, স্তন বাদ দিতেই হবে। তেমনটা নয়। স্তন বাদ দিলেও সেটির পুনর্গঠন করা যায়।’’ অনুষ্ঠানে ছিলেন নতুন প্রকল্পের অধিকর্তা চিকিৎসক ভি আর রামানন, ক্যানসার চিকিৎসক তথা হাসপাতালের ক্লিনিক্যাল ডিরেক্টর মধুছন্দা কর, রেডিয়োলজিস্ট সুমা চক্রবর্তী।

Date: 27/09/2023

ক্যান্সার নিরাময়ে মহিলা- ইউনিট – এইসময়, 27th Sep. 2023

ক্যান্সার নিরাময়ে মহিলা-ইউনিট

এই সময়: ব্রেস্ট থেকে জরায়ু, জরায়ুমুখ বা ডিম্বাশয়ের ক্যান্সারের মতো স্ত্রী-ক্যান্সারের চিকিৎসায় মহিলা-চালিত ইউনিট খুলল পিয়ারলেস হাসপাতাল। সুনীলকান্তি রায় ইনস্টিটিউট অফ অঙ্কোলজি সার্ভিসেস কেন্দ্রের অধীনে 'নারীশক্তি' নামে সেই প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন ছিল মঙ্গলবার। উপস্থিত ছিলেন মেডিক্যাল অঙ্কোলজিস্ট মধুছন্দা কর, ব্রেস্ট রেডিয়োলজিস্ট সুমা চক্রবর্তী ও ব্রেস্ট সার্জেন প্রগতি সিংহলের মতো মহিলা চিকিৎসকরা। তাঁরা জানান, সব ধরনের ক্যান্সার-চিকিৎসার পাশাপাশি তাঁরা নির্দিষ্ট অঙ্গের স্ত্রী-ক্যান্সারগুলির চিকিৎসায় বিশেষ জোর দিচ্ছেন। পুরুষ চিকিৎসকের কাছে স্ত্রীরোগের চিকিৎসার ব্যাপারে অনেক মহিলার সঙ্কোচ থাকে বলেই এমন ইউনিট চালু করছে পিয়ারলেস।

প্রতিদিন

Date: 27/09/2023

স্তন ক্যানসার রোধে শহরে জাগছে ‘ নারীশক্তি’- প্রতিদিন, 27th Sep. 2023

স্তন ক্যানসার রোধে শহরে জাগছে ‘নারীশক্তি’

স্টাফ রিপোর্টার: নারীদের পাশে নারীরা। শরৎকাল মা দুর্গার বাপের বাড়িতে আসার সময়। সে কথা স্মরণ করেই স্তন ক্যানসার ঠেকাতে অভিনব চিকিৎসাকেন্দ্র শহরে। যেখানে ক্লিনিক্যাল ডিরেক্টর মহিলা, রেডিওলজিস্ট মহিলা, এমনকী, সার্জন নিজেও। এই ক্লিনিকে প্রমীলা বাহিনী করবে ম্যামোগ্রাফি, আল্ট্রাসাউন্ড থেকে বায়োপসি। পুরুষ চিকিৎসকের কাছে স্তন পরীক্ষা করাতে দোনামোনা করেন অনেকেই। পিয়ারলেস হাসপাতালের নতুন এই স্তন ক্যানসার চিকিৎসা কেন্দ্রর নাম ‘নারীশক্তি।’ মঙ্গলবার শহরের এক অভিজাত হোটেলে নারীশক্তির ঘোষণায় উপস্থিত ছিলেন, ডা. মধুছন্দা কর, ডা. সুমা চক্রবর্তী, ডা. প্রগতি সিংহল, ডা. ভিআর রামানন, ডা. সুজিত কর পুরকায়স্থ।

ডা. মধুছন্দা কর জানিয়েছেন, ক্রমশ বাড়ছে স্তন ক্যানসার। কলকাতার ১০০ জন মহিলা ক্যানসারে আক্রান্ত হলে তার মধ্যে ২৫ শতাংশ আক্রান্ত হন স্তন ক্যানসারে। পঁচিশ পেরোলেই তাই মহিলাদের স্তন পরীক্ষা করতে বলছেন চিকিৎসকরা। দিচ্ছেন ম্যামোগ্রাফি করার নিদান। চেম্বারে পুরুষ চিকিৎসক থাকায় সংকোচে আসতে চান না অনেকেই। সেই সংকোচ কাটবে নারীশক্তি ক্লিনিকে। যাদের মূল স্লোগান, ‘ভালো থেকো মা।’ ডা. সুমা চক্রবর্তীর কথায়, “দরিদ্র পরিবারের লোকেদেরও চিকিৎসা দেবে হাসপাতাল কর্তৃপক্ষ। বিপিএল কার্ড না থাকলেও স্থানীয় জনপ্রতিনিধিকে দিয়ে লিখিয়ে আনলেও মিলবে সুবিধা। এটি একটি ওয়ান স্টপ ব্রেস্ট ক্লিনিক। অর্থাৎ একদিনে সমস্ত পরীক্ষা করা হয়ে যাবে। দেখা গিয়েছে একশো জনের মধ্যে ত্রিশ জন মহিলা স্তন পরীক্ষা করাতে সংকোচে ভোগেন। ডা. সুমা চক্রবর্তীর কথায়, “আমি যেহেতু মহিলা তাই আমার কাছে তারা লজ্জা পান না। কিন্তু কথা বলে বুঝতে পারি তাঁরা পুরুষ চিকিৎসকদের কাছে যেতে লজ্জা পাচ্ছেন।” ১৯৮২-তে যা ছিল। ২০০৫-এ তার দ্বিগুণ হয়ে গিয়েছে স্তন ক্যানসার। একই অবস্থা তিলোত্তমাতেও। কেন বাড়ছে স্তন ক্যানসার? চিকিৎসকরা বলছেন, সন্তান না নেওয়ার প্রবণতা একটা মস্ত বড় কারণ। জেন ওয়াইয়ের অনেকেই চাকরি নিয়ে ব্যস্ত। সন্তান নিতে গররাজি। ডা. সুমা চক্রবর্তীর কথায়, পঁয়ত্রিশ হয়ে গিয়েছে কিন্তু সন্তান নিচ্ছে না। এমন নারীদের শরীরে ইস্ট্রোজেন হরমোন থিক থিক করছে। স্তন ক্যানসারে এই ইস্ট্রোজেনের কারিকুরি লুকিয়ে। নারী অন্তঃসত্ত্বা হলে ইস্ট্রোজেনের আধিক্য কমে। প্রজেস্টেরন হরমোনের আধিক্য দেখা যায়। দেখা গিয়েছে, স্তন ক্যানসার ঠেকাতে সাহায্য করে এই প্রজেস্টেরন। চিকিৎসাশাস্ত্র বলছে, কোনও মহিলার তিনটে সন্তান হলে তাঁর স্তন ক্যানসার হওয়ার সম্ভাবনা ৪০ শতাংশ কমে যায়।

নারীবান্ধব স্তন ক্যানসার চিকিৎসা কেন্দ্রের উদ্বোধনে ডা. সুজিত করপুরকায়স্থ, ডা. সুমা চক্রবর্তী, ডা. মধুছন্দা কর, ডা. প্রগতি সিংঘল ও ডা. ভি আর রামানন।

- সন্তান না নিলে বেড়ে যায় স্তন ক্যানসারের আশঙ্কা।
- কলকাতার ১০০ জন মহিলা ক্যানসারে আক্রান্ত হলে তার মধ্যে ২৫ শতাংশ আক্রান্ত হচ্ছেন স্তন ক্যানসারে।
- শহরের যত মহিলা স্তন ক্যানসারে আক্রান্ত হচ্ছেন, তার আশি শতাংশেরই বয়স পঞ্চাশের নিচে।
- তিনটে সন্তান নিলে ৪০ শতাংশ কমে যায় স্তন ক্যানসারের সম্ভাবনা।

September 2023

Newspaper Clips

Chittaranjan National Cancer Institute

CNCI Library